# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 04-04-2024

## *Time: 19:45-19:55 Hrs*

-------------------------------------

১) লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের জন্য মনোনয়ন দাখিল প্রক্রিয়া আজ সমাপ্ত / এই পর্যায়ে দেশের ১২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৮ টি আসনের নির্বাচন/ আগামীকাল মনোনয়নপত্র পরীক্ষা।

২) রাজ্যের বিভিন্ন স্থানে ক্ষমতাসীন বিজেপি - কংগ্রেস সহ অন্যান্য রাজনৈতিক দলের প্রচার অভিযান অব্যাহত। মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার নগাঁও লোকসভা আসনের নির্বাচনী প্রচারে অংশগ্রহন।

৩) এনডিএ সরকার ভারতকে একটি উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে সব ধরনের প্রয়াস চালিয়ে যাচ্ছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন্তব্য।

৪) কাছাড়ের নির্বাচন আধিকারিকের আগামী ২৬ শে এপ্রিল দ্বিতীয় পর্যায়ে শিলচরে লোকসভা আসনের নির্বাচনের দিন সবেতন ছুটি ঘোষনা।

এবং

৫) আসাম লোকসেবা আয়োগের পরীক্ষায় সংঘটিত অনিয়মের প্রতিবেদন শীঘ্র গৌহাটি হাইকোর্টে দাখিল করা হবে বলে রাজ্য সরকারের প্রকাশ।

--------------------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের জন্য মনোনয়নপত্র দাখিলের প্রক্রিয়া আজ সমাপ্ত হয় । এই পর্যায়ে দেশের ১২ টি রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের ৮৮ টি আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে । এর মধ্যে আসামের পাচটি আসন শিলচর ,করিমগঞ্জ ,ডিফু ,দরং , ওদালগুড়ি ,নগাও রয়েছে । এদিকে আজ এই পর্যায়ের মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে বেশ কয়েকজন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন । নগাও লোকসভা আসনের বিজেপি মিত্রজোটের প্রার্থী সুরেশ বরার মনোনয়য়নপত্র দাখিলের সময় মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা , বিজেপির রাজ্য সভাপতি ভবেশ কলিতা , মন্ত্রী পীযূষ হাজারিকা , মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া , কেশব মহন্ত সহ বেশ কয়েকজন বিধায়ক উপস্থিত ছিলেন ।এছাড়া দরং - ওদালগুরি আসনের বিজেপি প্রার্থী দিলীপ শইকিয়া আজ মনোনয়নপত্র দাখিল করেন । মনোনয়নপত্র দাখিলের সময় মুখ্যমন্ত্রী ড: শর্মা সহ বেশ কয়েকজন শীর্ষনেতা উপস্থিত ছিলেন ।

এদিকে ৯ নম্বর নগাও সংসদীয় আসনের ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রার্থী প্রদ্যুৎ বরদলৈ আজ জেলা নির্বাচনী রিটার্নিং আধিকারিকের কাছে মনোনয়নপত্র দাখিল করেন । এদিকে করিমগঞ্জ আসনের আই এন ডি আই মিত্র জোটের সমর্থিত ভারতীয় জাতীয় কংগ্রেসের মনোনীত প্রার্থী হাফিজ রসিদ আহমেদ চৌধুরী আজ মনোনয়নপত্র দাখিল করেন ।এই মনোনয়নপত্র দাখিলের সময় জেলা কংগ্রেসের সভাপতি , প্রাক্তন সভাপতি সহ বেশ কয়েকজন উপস্থিত চিলেন ।ডিফু লোকসভা আসনের জন্য গণ সুরক্ষা সমিতির প্রার্থী জন বেনার্ড সাংমা মনোনয়নপত্র দাখিল করেন ।

এই পর্যায়ে রাজ্যের পরিবহন মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য , সাংসদ কৃপানাথ মালাহ ও দিলীপ শইকিয়া বিজেপির হয়ে প্রতিদ্বন্দিতায় রয়েছেন ।

উল্লেখ্য দ্বিতীয় পর্যায়ের মনোয়নপত্রগুলি আগামীকাল পরীক্ষা করা হবে ।ও ৮ ই এপ্রিল মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন ।

--------------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে রাজ্যের বিভিন্ন স্থানে ক্ষমতাসীন বিজেপি মিত্রজোট সহ অন্যান্য রাজনৈতিক দলগুলির প্রচার অভিযান ক্রমশ

জোরদার হচ্ছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ নগাও লোকসভা আসনের বিজেপি মিত্রজোটের প্রার্থী সুরেশ বরার হয়ে নির্বাচনী প্রচার চালান ।মুখ্যমন্ত্রী নগাও এর পানীগাও চারিয়ালিতে একটি বিদ্যালয়ের খেলার মাঠে এক নির্বাচনী সভায় মুখ্য অতিথি হিসেবে অংশ গ্রহণ করেন ।এই সভার পর সুরেশ বরা নগাও জেলা আয়ুক্তের কার্যালয়ে মনোনয়নপত্র দাখিল করেন ।এছাড়া মুখ্যমন্ত্রী ড: শর্মা আজ শোনিতপুর লোকসভা আসনের বিজেপি প্রার্থী রঞ্জিত দত্তের হয়ে ঢেকিয়াজুলিতে প্রচার চালান । মুখ্যমন্ত্রী তার ভাষনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সবকা সাথ সবকা বিকাশ নীতির মাধ্যমে দেশ সব ক্ষেত্রে এগিয়ে চলেছে বলে মন্তব্য করে বলেন যে এই সময়কালে দেশে শান্তি স্থাপন হোয়া সহ দরিদ্র শ্রেণীর লোকেরা সরকারী সুবিধাগুলি লাভ করতে সক্ষম হচ্ছে ।অন্যদিকে রাজ্যের অর্থ মন্ত্রী অজন্তা নেওগ যোরহাট আসনের প্রার্থী তপন গগৈর সমর্থনে বরহোলা অঞ্চলের স্থানে স্থানে বেশ কয়েকটি প্রচার সভায় আংশ গ্রহণ করেন ।

যোরহাট আসনের বিরোধী ঐক্যমঞ্চের প্রার্থী গৌরব গগৈ আজ মাজুলীর লোয়ার ও পূর্ব কলিতাপার , নতুন চাপরি সহ বেশ কয়েকটি নির্বাচনী সভায় অংশ গ্রহন করেন ।

এদিকে বরাক উপত্যকার তিনজেলায় ও নির্বাচনী প্রচার অব্যাহত রয়েছে । ক্ষমতাসীন বিজেপি সহ অন্যান্য বিরোধী দলগুলি নিজ নিজ প্রার্থীর হয়ে প্রচার অভিযান চালিয়ে যাচ্ছেন ।মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সহ রাজ্যের অন্যান্য মন্ত্রী বিধায়করা বরাক উপত্যকায় এসে দলীয় প্রার্থীর হয়ে নির্বাচনী প্রচার চালিয়ে যাচ্ছেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লোকসভা নির্বাচনের প্রচার অভিযানে অংশগ্রহণ করতে আগামী ১৭ ই এপ্রিল আসামে আসছেন ।প্রধানমন্ত্রী রাজ্যের তৃতীয় পর্যায়ে অনুষ্ঠেয় বরপেটা লোকসভা আসনের বিজেপি মিত্রজোটের প্রার্থী ফনীভূষণ চৌধুরীর হয়ে এক নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করবেন ।নলবারীর বরকুয়ায় অনুষ্ঠেয় ঐ সভায় অন্যান্য কেন্দ্রীয় মন্ত্রী সহ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ও অংশগ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে এন ডি এ সরকার ভারতকে একটি উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে সব ধরণের প্রয়াস চালিয়ে যাচ্ছে । বিহারে একটি নির্বাচনী সভায় ভাষন দেবার সময় শ্রী মোদী বলেন যে চন্দ্রের দক্ষিণ গোলার্ধে এখন মহাকাশযান সফলবাবে অবতরণ করানোর ক্ষেত্রে ভারত  বিশ্বের প্রথম দেশ হিসেবে পরিগণিত হয়েছে । তিনি বলেন যে ভারত সম্প্রতি বিশ্বের পঞ্চম সর্ববৃহৎ অর্থনীতি হিসেবে পরিগনিত হয়েছে । সন্ত্রাসবাদী কার্যকলাপ তথা এধরণের কাজকে উৎসাহিত করা সকলকে ভারত যথাযোগ্য প্রত্যুত্তরে দিয়েছে বলে তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------

রাজ্যে লোকসভা নির্বাচন সুষ্ঠু ও স্বচ্ছ ভাবে পরিচালনা করার জন্য নির্বাচন কমিশন বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে ।এই অনুযায়ি প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটদাতাদের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা সহ ভোটগ্রহণ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কমিশন নিরাপত্তা ব্যবস্থা সহ অন্যান্য দিকগুলো সুক্ষ্মভাবে নিরিক্ষণ করছে ।রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারীক অনুরাগ গোয়েল গতকাল আকাশবাণী গুয়াহাটীর দৃষ্টিপাত অনুষ্ঠানে অংশগ্রহণ করে একথা জানান ।তিনি বলেন যে নিরাপত্তা বাহিনীর ৬০ টি কোম্পানী নিয়োগ করা হয়েছে এবং আন্তর্জাতিক সীমান্তগুলোতে জনসাধারণের যাতায়াতের ক্ষেত্রে সতর্ক দৃষ্টি রাখা হয়েছে ।শ্রী গোয়েল বলেন যে প্রথম এবং দ্বিতীয় পর্যায়ের নির্বাচনের জন্য ভোটকেন্দ্র পরিবর্তন বা ভোটার তালিকায় নাম সংশোধন প্রক্রিয়ার সময় পেরিয়ে গেছে তবে তৃতীয় পর্যায়ের নির্বাচনের ভোটদাতাদের জন্য এখনও এই সুবিধা অব্যাহত রয়েছে ।নির্বাচনের মনোনয়ন দাখিলের অন্তিম দিন থেকে ১০ দিন আগে পর্যন্ত এই ভোটকেন্দ্র পরিবর্তন বা নাম সংশোধনের সুবিধা থাকে বলে মুখ্য নির্বাচন আধিকারীক জানান ।

এদিকে ৮৫ বছরের উর্দ্ধের প্রবীণ নাগরিক ও ৪৫ শতাংশের ও বেশী প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিরা ইচ্ছে করলে নিজেদের বাসগৃহ থেকে ভোটদান

করতে পারবেন বলে শ্রী গোয়েল জানান ।এই সুবিধা আগামীকাল থেকে প্রদান করা হবে ।রাজ্যে ৪ লক্ষ ৩৫ হাজার নতুন ভোটার রয়েছে এবং তাদের সর্বোত্তম গনতান্ত্রিক অধিকার সাব্যস্ত করার জন্য উৎসাহিত করতে বেশ কিছু সচেতনতামূলক কার্যসূচী গ্রহণ করা হয়েছে বলে শ্রী গোয়েল জানান ।

---------------------------------------------------------------------------

মিজোরামে আগামী ১৯ শে এপ্রিল প্রথম পর্যায়ে লোকসভা নির্বাচনের দিন ঘনিয়ে আসার পরিপ্রেক্ষিতে নির্বাচনী প্রচার অভিযান তীব্র হয়ে উঠেছে ।প্রতিটি রাজনৈতিক দলের প্রার্থীরা ভোটদাতাদের আকর্ষিত করতে রাজ্যটির প্রত্যেকটি অঞ্চলে গিয়ে নির্বাচনী প্রচার অভিযান চালাচ্ছেন ।এদিকে মিজোরামের লুংলেই জেলায় আজ থেকে ঘরে ঘরে গিয়ে ৮৫ বছরের উর্দ্ধের ভোটদাতা ও বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের ভোটগ্রহণ প্রক্রিয়া শুরু হয়েছে ।আইজলে আগামী ৮ এপ্রিল থেকে এই প্রক্রিয়া শুরু হবে বলে আইজলের নির্বাচন আধিকারীক নাজুক কুমার জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------

কাছাড়ের নির্বাচন আধিকারিক শিলচর লোকসভা আসনের নির্বাচনের দিন সবেতন ছুটি ঘোষনা করেছেন । আগামী ২৬ শে এপ্রিল দ্বিতীয় পর্যায়ে শিলচর লোকসভা আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে । এ উপলক্ষে ঐদিন কেন্দ্রীয় , রাজ্য সরকার সহ সবধরনের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান , কলকারখানা ইত্যাদি বন্ধ থাকবে । রাজ্যপালের এক নির্দেশের উদ্ধৃতি দিয়ে রাজ্যসরকারের শ্রম কল্যাণ বিভাগের মুখ্য সচিব এই মর্মে এক বিজ্ঞপ্তী জারি করেছেন ।সেই অনুযায়ী নির্বাচনের দিন সবেতন ছুটি ঘোষনা করা হয়েছে ।

---------------------------------------------------------------------

করিমগঞ্জ লোকসভা আসনের জেনারেল অবজারভার আদিত্য কুমার আনন্দ করিমগঞ্জে এসে পৌচেছেন । তিনি করিমগঞ্জ জেলা সদরের অতিরিক্ত আবর্তভবনে অবস্থান করছেন ।জেনারেল অবজারভারের ফোন নম্বর হচ্ছে - ৮৪৭২০৮০০২৩ , সাধারণ মানুষ তাঁর সঙ্গে প্রতিদিন বিকেল ৩ টে থেকে ৪ টে পর্যন্ত দেখা করতে পারবেন ।এদিকে এন এইচ এম বিভাগের ডি পি এম

হানিফ মহম্মদ কে আলমকে জেনারেল অবজারভারের প্রটোকল অফিসার হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে ।

------------------------------------------------------------------------

করিমগঞ্জ লোকসভা আসনের অধীন হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রে অবাধ , নিরপেক্ষ ও শান্তিপূর্নভাবে নির্বাচন সম্পন্ন করতে জেলা আয়ুক্তের কার্য্যলয়ে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । এই কন্ট্রল রুমের টেলিফোন নম্বর হচ্ছে-০৩৮৪৪-২২৩৩৭৭ । এছাড়া টোল ফ্রি নম্বর হচ্ছে- ১০৭৭ এবং ১৯৫০ ।

------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আসন্ন লোকসভা নির্বাচনে হাইলাকান্দি ও আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রে নিয়োজিত সব জোনাল অফিসার , সেক্টর অফিসার , রির্জাভ জোনাল , সেক্টর অফিসারদের দ্বিতীয় পর্য্যায়ের এক দিবসীয় প্রশিক্ষন আজ রবীন্দ্র ভবনে অনুষ্ঠিত হয়েছে । আজ সকাল সাড়ে দশটায় শুরু হওয়া এই প্রশিক্ষন শিবিরে জেলার জোনাল এবং সেক্টর অফিসারদের ভূমিকা এবং দায়িত্ব সর্ম্পকে অবগত করানো হয়েছে । প্রশিক্ষন শিবিরে জেলার ২১টি জোন এবং ৬০টি সেক্টরে নিয়োজিত জোনাল , সেক্টর অফিসাররা অংশগ্রহন করেছেন ।

------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগের ২০১৩ সালের পরীক্ষায় সংঘটিত অনিয়ম সম্পর্কে বিশেষ তদন্তকারি গোষ্ঠী শীঘ্র প্রতিবেদন দাখিল করবে । একটি জনস্বার্থ জড়িত আবেদনের শুনানি গ্রহনের সময়কালে সরকারী আইনজীবি গৌহাটী হাইকোর্টের মধ্যে এ কথা অবগত করান । ।আইনজীবি আদালতকে জানান যে সরকারের গঠন করা বিশেষ তদন্তকারী গোষ্ঠী ইতিমধ্যে তদন্ত সম্পূর্ন করেছে ।সেজন্য তদন্তের প্রতিবেদন দাখিল করার জন্য সরকারী আইনজীবি আদালতের কাছে সময় চেয়েছেন । আদালত জনস্বার্থ জড়িত জড়িত আবেদনটির পরবর্তী শুনানির তারিখ ২২ শে এপ্রিল ধার্য করেছে ।

------------------------------------------------------------------------

বিশ্ব ঐতিহ্যক্ষেত্র কাজিরাঙ্গা জাতীয় উদ্যানে পর্যটকদের সংখ্যা রেকর্ড সৃষ্টি করেছে ।২০২৩-২৪ সালে জাতীয় উদ্যানটিতে মোট ৩ লক্ষ ২৭ হাজার ৪৯৩ জন পর্যটকের আগমন ঘটেছে ।এর মধ্যে ৩ লক্ষ ১৩ হাজার ৫৭৪ জন দেশী পর্যটক এবং ১৩ হাজার ৯১৯ জন বিদেশী পর্যটক ।

-----------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ উত্তরপূর্বাঞ্চলের বিভিন্ন স্থানে আগামী রবিবার পর্যন্ত ঝড় বৃষ্টির সম্ভাবনার কথা প্রকাশ করেছে ।এই সময়ে আসাম , মেঘালয় , নাগালেন্ড , মণিপুর , মিজোরাম , ও ত্রিপুরায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।অরুণাচল প্রদেশে ভারুই বৃষ্টিপাত সহ তুষারপাতের হতে পারে বলে আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------